উপজেলা পরিষদ
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ ।

মার্চ/২০২১ মাসে অনুষ্ঠিত.উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ । |
| সভার তারিখ | ঃ ১১.৩.২০২১ খ্রিঃ । |
| সভার সময় | ঃ সকাল ১০.০০ ঘটিকা । |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দক্ষিণ সুনামগঞ্জ । |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো ।

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার , দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন । এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয় । এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় । অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয় ।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়।</td><td>সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতক্রমে অনুমোদিত হয় । বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ ।</td></tr>
<tr><td>০২. ব্যয়ের হিসাব</td><td>উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়।
<table>
<tr><td>০১</td><td>জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ মাসের সম্মানী ভাতার বিল</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ মাসের সম্মানী ভাতা বিল।</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ মাসের সম্মানী ভাতার বিল।</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ</td><td>১৩৯২৫/-</td></tr>
<tr><td>০৬</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২১ মাসের ইন্টারনেট বিল</td><td>৩৫০/-</td></tr>
<tr><td>০৮</td><td>জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ ও মার্চ ০৩ তারিখের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>০৯</td><td>জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ ও মার্চ ০৩ তারিখের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>১০</td><td>জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ ও মার্চ ০৩ তারিখের মজুরী বিল ।</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>১১</td><td>জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ ও মার্চ ০৩ তারিখের মাসের মজুরী বিল</td><td>১৭০৫০/-</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ সুনামগঞ্জ এর ফেব্রুয়ারি/২০২১ মাসের ইন্টারনেট বিল</td><td>৪৫০/-</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ</td><td>১৩,০০২/-</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য ফেব্রুয়ারি/২০২১ মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়।</td><td>৮,০০০/-</td></tr>
</table></td><td></td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৩. বিভিন্ন বিভাগের আলোচনা ঃ | ১। উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, বিশ্বব্যাপি করোনা ভাইরাসের কারণে ২০২০-২০২১ অর্থ বছরে এডিপির বরাদ্দ পরিমাণ তুলনামূলক কম। এডিপি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। ইউনিয়ন ভূমি অফিস, পাথারিয়া,দক্ষিণ সুনামগঞ্জ এর কিছু ভূমি পাশ্ববর্তী মসজিদের দখলে রয়েছে। মসজিদ কমিটি দখলকৃত জায়গা ছেড়ে না দেওয়ায় বাউন্ডারী দেওয়াল করতে বিলম্ব হচ্ছে। সহকারী কমিশনার (ভূমি),দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, সরকারি প্রতিষ্ঠানের ভূমি অবশিষ্ঠ রেখে দেওয়াল নির্মাণ করা যাবে না কিন্তু এলাকাবাসী ও মসজিদ কমিটি মসজিদের দখলকৃত জায়গা সমজিয়ে দিচ্ছে না। এ ক্ষেত্রে আইনী পদক্ষেপ বা উচ্ছেদ কার্যক্রম গ্রহন করা হলে জঠিলতা সৃষ্টি হতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>২.উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, সমন্বিত খামার ব্যবস্থাপনায় কম্বাইন হারভেস্টার/কৃষি যন্ত্রপাতি ৭০% ভর্তুকীর মাধ্যমে কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। বোরো ধানের কর্তন শুরু হয়েছে। পাকা ধান দ্রুত কর্তনের নিমিত্ত কৃষকদের পরামর্শ দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শদেন । তাছাড়া সবজি ও অন্যান্য ফসলের আবাদ ভালো এবং তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে চলছে ।<br>৩. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভা্বিকভাবে চলছে। শিমুলবাক ইউনিয়নে অবস্থিত FWC তে টিউবওয়েলের সিকিউরিটির অর্থের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন। এছাড়া আরও ০৬ টি টিউবওয়েল প্রয়োজন বলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান। সভায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগকে অত্র উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নে মা সমাবেশ করা বিষয়ে আলোচনা করা হয়।<br>৪. শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । করোনা পরিস্থিতির কারনে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ভার্চুয়াল পদ্ধতিতে ক্লাস চলমান রয়েছে। অত্র উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বেতন ভাতাদি ইএফটির মাধ্যমে চালু করা হয়েছে। শিশুদের জন্ম নিবন্ধন কার্যক্রম তরান্বিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়।<br>৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, একসাথে সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ করোনা ভ্যাকসিন গ্রহণ করলে জনগণের আগ্রহ বাড়বে। দক্ষিণ সুনামগঞ্জ উপজেলায় ভ্যাকসিন পাওয়া গেছে ৬৫০০ ডোজ এর মধ্যে পুশ করা হয়েছে ১৫০০ ডোজ। করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। আগামী মাসে করোনার ২য় ডোজ দেওয়ার কার্যক্রম শুরু করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে সকলকে ২য় ডোজ প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়।<br>৬. সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ দক্ষিণ সুনামগঞ্জ দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি ।<br>৭. উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি ।<br>৮. উপজেলা মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে নিতাই গাং খনন কার্যক্রম চলমান রয়েছে এবং তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>৯. খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি ।<br>১০. উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, ১১২ জন খামারিকে নগদ প্রনোদনা দেওয়া হবে ইতিমধ্যে ৪০-৫০ জন পেয়েছেন।<br>১১. পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি ।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি ।<br>১২. উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, সরকারিভাবে টয়লেট বরাদ্দের কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ঠ সকল ও ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দাখিলের জন্য সভায় অনুরোধ করা হয়।<br>১৩. আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় ১৫১ টি ঘরের কাজ চলমান রয়েছে। নতুন ১০০ টি ঘর বরাদ্দ পাওয়া গেছে। খাস জমি প্রাপ্তি সাপেক্ষে পাথারিয়া ইউনিয়নে ৪০-৫০ টি ঘর নির্মাণ করা যেতে পারে। ঘর বরাদ্দ কিংবা নির্মাণের কাজে কিছু অসাধু প্রকৃতির লোক সুবিধা নেওয়ার অপচেষ্ঠা করছে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ।<br>১৫. উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>১৬. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা যায়নি ।<br>১৭. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা যায়নি ।<br>১৮. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে চলছে ।<br>১৯। বন সংরক্ষণ বিভাগ ঃ উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা যায়নি । | সিদ্ধান্ত ঃ করোনা ভাইরাসের কারণে ২০২০-২০২১ অর্থ বছে এডিপির বরাদ্দ পরিমাণ তুলনামূলক কম থাকায় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। পাথারিয়া মসজিদটি দীর্ঘদিনের পুরনো মসজিদ। কালক্রমে ইউনিয়ন ভূমি অফিসের কিছু অংশ মসজিদের বারান্দা ও টয়লেটের কাজে ব্যবহার করা হচ্ছে। মসজিদ একটি ধর্মীয় প্রতিষ্ঠান । উক্ত মসজিদের পাশে অবশিষ্ঠ কোন ভূমি না থাকায় মানবিক কারণে মসজিদের দখলীয় ভূমি বাদ দিয়ে ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী দেওয়াল নির্মাণ করার বিষয়ে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয় বরাবরে সুপারিশ প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি),দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত ঃ যে সকল কৃষকদের ধান পাকা/আধাপাকা অবস্থায় রয়েছে সে সকল কষকদেরকে দ্রুত ধান কর্তনের জন্য পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে সভায় অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ FWC তে টিউবওয়েলের সিকিউরিটির অর্থের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন পরিষদকে সভায় অনুরোধ করা হয় এছাড়া ত্রৈমাসিক মা সমাবেশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রমে আরও গতিশীলতা আনয়নের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ কে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্তঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বেতন ভাতাদি ইএফটির মাধ্যমে চালু করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ করোনা ভাইরাসের ভ্যাকসিন কার্যক্রমে সঠিকভাবে সম্পন্ন করার জন্য অত্র উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ ও ইউপি চেয়ারম্যানগণকে করোনা ভ্যাকসিন গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্তঃ ঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দক্ষিণ সুনামগঞ্জ কে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্তঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ সঠিকভাবে তালিকা প্রণয়নপূর্বক টয়লেট বরাদ্দের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী , দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলার ঘর নির্মাণের কার্যক্রম তরান্বিত করার জন্য সভায় অনুরোধ করা হয়। যে বা যাহার সরকারি ঘর বরাদ্দ কিংবা নির্মাণ কাজের সাথে অবৈধ সুবিধা নেওয়ার চেষ্টা করবে তাদেরকে চিহ্নিত করে আইন প্রয়োগকারী সংস্থার নিকট অর্পণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।<br>সিদ্ধান্ত ঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্ত, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা |

২০। পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগ ঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের সম্পসারিত অফিস ভবন নির্মাণের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ: (ক) উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জ বিগত ১০/০৩/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হাট-বাজার ইজারা সংক্রান্ত উপজেলা মূল্যায়ন কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ভমভমি বাজারের বিষয়ে চেয়ারম্যান,দরগাপাশা ইউপি এর নিকট থেকে প্রাপ্ত ১১/৩/২০২১ তারিখের ১৩/১ নং স্মারকের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় । প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় ছাতক উপজেলার ভাতগাও ইউনিয়নের ভাতগাও ও কচুয়ারগাও এবং দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার দরগপাশা ইউনিয়নের শ্রীরামপুর, ঈশাখপুর, সিদখাই,ছয়হারা, হরিনগর গ্রামের বাসিন্দাগণ ভমভমি বাজারটি সৃষ্টি করেছেন। উক্ত ভমভমি বাজার এখনো নতুন বাজার হিসেবে পরিচিতি।বাজারটি এখনো পেরিফেরিভূক্ত হয়নি। ভমভমি বাজারে সকল দোকানঘরই ব্যক্তিমালিকানাধীন ভূমিতে নির্মিত। ভমভমি বাজারটি সরকারিভাবে ইজারা আদায় করার মত এখনো কোন পরিবেশ তৈরি হয়নি। প্রতি বছরই সরকারিভাবে এই বাজারটি ইজারা দেওয়ার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু ইজারা মূল্য আদায়ের সুযোগ না থাকায় অত্র বাজারটি কেউ ইজারা নিতে আগ্রহী হয় না। উক্ত বাজারটি ইজারা প্রদান করা হলে স্থানীয়ভাবে দাঙ্গাহাঙ্গামার সৃষ্টি হতে পারে মর্মে চেয়ারম্যান দরগাপাশা ইউপি উপস্থাপিত প্রতিবেদনে উল্লেখ করেন। বাজারটি ০৩ টি উপজেলার সংযোগস্থলে অবস্থিত হওয়ায় এখনো উক্ত বাজারে পেরিফেরী হয়নি এবং চান্দিনা বা তোহা বাজার নির্ধারিত হয়নি। কিছু ব্যাক্তি নিজ উদ্যেগে বাজারের ভূমি ক্রয় করে দোকান ঘর নির্মাণ করে ব্যবসা করে আসছে। যদি এই বাজারটিতে সরকারিভাবে ইজারা আদায়ের জন্য ইজারা গ্রহীতাগণ ব্যবসায়ীগণকে চাপ প্রয়োগ করে তাহলে যে কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ঘটে যেতে পারে মর্মে চেয়ারম্যান দরগাপাশা ইউপি উপস্থাপিত প্রতিবেদনে উল্লেখ করেন এবং ভমভমি বাজারটি পেরিফেরিভূক্ত না হওয়া পর্যন্ত ১৪২৮ বাংলাসনে ইজারা বন্দোবস্ত না দেওয়ার জন্য এবং অতিদ্রুত উক্ত বাজারটি পেরিফেরিভূক্ত করার জন্য সুপারিশ করেন।

(খ) উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী যথাযোগ্য মর্যদায় পালনের নিমিত্তে উপস্থিত সকলের সহযোগিতা ও উপস্থিতি কামনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ৫(খ) নং অনুচ্ছেদে জাতীয় দিবস উদযাপনের নিমিত্তে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে । নির্দেশিকার আলোকে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ২০২১ অনুষ্ঠানের বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৬০,০০০/-(ষাট হাজার) টাকা উত্তোলনের জন্য প্রস্তাব করেন ।

(গ) উপজেলা পরিষদ ভবন,দক্ষিণ সুনামগঞ্জ এর ২য় তলার ২০২ নং কক্ষটির সিলিং ফ্যানটি নষ্ট হয়ে যাওয়ায় নতুন ফ্যান লাগানো হয়েছে। ফ্যান ক্রয় বাবদ ২৬৫০/-(দুই হাজার ছয়শত পঞ্চাশ) (ভ্যাট আইটিসহ) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়কৃত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান এর বাস ভবনটি দীর্ঘদিন ব্যবহার না করায় ভবনের প্লাস্টার করা , ইলেক্ট্রনিক্স কাজ, কিচেন মেরামত, ড্রেন মেরামত, ভবনের ভিতর ও বাহির রং করা প্রয়োজন এছাড়া উপজেলা পরিষদ ভবন ও বাউন্ডারী ওয়াল রং করণ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত ও রং করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং ব্যয়কৃত অর্থ উপজেলা রাজস্ব তহবিলে হতে ব্যয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

হয়।

সিদ্ধান্ত ঃ কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।

সিদ্ধান্ত ঃ উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ এর পদটি শূন্য থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয়নি ।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আমার বাড়ি আমার খামার প্রকল্পের ভবন সম্প্রসারণের কাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী,দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ(ক) বিগত ১০/০৩/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হাট-বাজার ইজারা সংক্রান্ত উপজেলা মূল্যায়ন কমিটির প্রস্তাব সভায় সর্বসম্মক্রমে অনুমোদিত হয় এবং প্রস্তাবকৃত হাটবাজারসমূহ ১৪২৮ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইজারা গ্রহীতার নিকট হতে জরুরী ভিত্তিতে ১৪২৮ বাংলার ইজারামূল্য ও অন্যান্য করাদি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। চেয়ারম্যান,দরগাপাশা ইউপি এর প্রতিবেদন ও সুপারিশমতে ভমভমি বাজারটি পেরিফেরিভূক্ত না করা পর্যন্ত উক্ত বাজারটির ইজারা কার্যক্রম স্থগিত রাখার জন্য এবং অতিদ্রুত উক্ত বাজারটি পেরিফেরিভূক্ত করার জন্য সহকারী কমিশনার (ভূমি),দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ৫(খ) নং অনুচ্ছেদ মোতাবেক ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ২০২১ অনুষ্ঠানের বিভিন্ন আনুষ্ঠানিকতার ব্যয়ভার নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৬০,০০০/-(ষাট হাজার) টাকা (ভ্যাট আইটিসহ) উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ (গ) ফ্যান ক্রয় বাবদ ২৬৫০/-(দুই হাজার ছয়শত পঞ্চাশ) (ভ্যাট আইটিসহ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ((ঘ)উপজেলা চেয়ারম্যান এর বাস ভবন , উপজেলা পরিষদ ভবন রং করণ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের বিষয়ে সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা প্রকৌশলী,দক্ষিণ সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৮/০৩/২১

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১১.০০০.০৫.০২১.২০১৬- ৬/১ (৫০)

তারিখঃ ২৮/৩/ ২০২১ খ্রিঃ ।

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ ।
০৭. উপজেলা ..................................... কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুনামগঞ্জ ।
০৯. জনাব/জনাবা.......................................................................................

২৮/০৩/২১

(জেবুন নাহার শাম্মী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ

উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ১০/৬/২০২২ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | নূর হোসেন | 01722441875 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] রানী তালুকদার | 01737913601 | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | সুকুমার চন্দ্র দাশ | 01716-531262 | [signature] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | মোঃ জাহিদুল ইসলাম | 01724417816 | [signature] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | ডা. [illegible] | 01712145916 | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | আতিকুর রহমান | 01736017372 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মোঃ [illegible] | 01708-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | [illegible] | 01715-171668 | [signature] |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | 01711047602 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | | | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | | | |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মোঃ শাহাদাৎ হোসেন [illegible] | 01675354042 | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | হাসান কবির | 01933163362 | [signature] |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | [illegible] | 01724759977 | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] | 01715720493 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | | |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | মোছাঃ বিলু [illegible] চৌধুরী | 01733250771 | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | মোঃ রফিকুল ইসলাম | 01938-879428 | |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | মোঃ মাহমুদ [illegible] | 01740926646 | |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | মোহাম্মদ আমিনুল কবির | 01732372769 | |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | মিজানুর রহমান মিলু | ০১৭১০৪৮[illegible]৪৪ | |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউপি | মফিদুল ইসলাম | | |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাঁও ইউপি | নুর আলম | ০১৭১৬-৫০৭৭ ৪০. | |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | মোঃ মনির উদ্দিন | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | নুরুল হক | 01716826988 | |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | আক্তার হোসেন | 01733927761 | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | খুরশিদা বেগম | 01717133803 | |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |